

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসটি ইমাম আওযাঈ রহিমাহুল্লাহ ইয়াহইয়া বিন কাসীর থেকে এককভাবে বর্ণনা করেছেন তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ

## আরবী

2586 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ وَالْأُوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ وَالْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ رَبِيعَةَ بْنِ كَعْبِ الْأَسْلَمِيِّ قَالَ: كُنْتُ أَبِيتُ عِنْدَ حُجْرَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكُنْتُ أَسِمَعُهُ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ قَالَ: (سُبْحَانَ رَبِّ الْعَالَمِينَ) الْهَوِيَّ ثُمَّ يَقُولُ: (سبحان الله وبحمده) الهوي ـ

الراوي: رَبِيعَةُ بْنُ كَعْبٍ الْأَسْلَمِيُّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2586 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ((المشكاة)) ((المشكاة)) (1218).

## বাংলা

২৫৮৬. রবী'আহ বিন কা'ব আল আসলামী রাদ্য়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে রাত্রি যাপন করতাম, অতঃপর আমি তাঁকে বলতে শুনতাম, তিনি রাতে উঠে দীর্ঘ সময় বলতেন, سُبُحَانَ رَبِّ الْعَالَمِينَ (জগৎসমূহের প্রভুর পবিত্রতা ঘোষনা করছি)। তারপর তিনি দীর্ঘ সময় বলতেন, سبحان الله وبحمده (আমি আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি এবং তাঁর প্রশংসা করছি)।"[1]

## ফুটনোট

[1] তাবারানী: ৪৫৭০; সুনান বাইহাকী: ২/৪৮৬; সহীহ মুসলিম: ৪৮৯; নাসাঈ: ২/২২৭-২২৮; মুসনাদ আহমাদ:



৪/৫৭; তিরমিয়ী: ৩৪১৬; ইবনু মাজাহ: ৩৮৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ রবী'আহ্ ইবনু কা'ব আল আসালামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন